

া সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৯৭৪

পরিচ্ছেদঃ সূরা আল-বাকারা

بَابُّ: وَمِنْ سُورَةِ البَقَرَةِ

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ حُجْرٍ، أَخْبَرَنَا إِسْمَاعِيلُ بْنُ إِبْرَاهِيمَ، عَنْ أَيُّوبَ، عَنْ مُجَاهِدٍ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي لَيْلَى، عَنْ كَعْبِ بْنِ عُجْرَةَ، قَالَ أَتَى عَلَىَّ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم وَأَنَا أُوقِدُ تَحْتَ قِدْرٍ وَالْقَمْلُ تَتَنَاثَرُ عَلَى جَبْهَتِي أَنْ قَالَ حَاجِبِي فَقَالَ " أَتُونْذِيكَ هَوَامٌّ رَأْسِكَ ". قَالَ قُلْتُ نَعَمْ . قَالَ " فَاحْلِقْ رَأْسَكَ وَانْسُكْ نَسِيكَةً أَنْ صَمُ ثَلاَتَةَ أَيَّامٍ أَنْ طَعِمْ سِتَّةَ مَسَاكِينَ " . قَالَ أَيُّوبُ لاَ أَدْرِي بِأَيَّتِهِنَّ بَدَأً . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثُ حَسَنُ صَحَحِيحٌ .

বাংলা

২৯৭৪. আলী ইবন হুজর (রহঃ) কা'ব ইবন উজরা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম আমার কাছে এলেন। আমি তখন একটি ডেকচীর নীচে আগুন জ্বালাচ্ছিলাম। তখন উকুন আমার কপালে (বা বললেন আমার ভ্রু দিয়ে) ঝরে পড়ছিল। তিনি বললেনঃ তোমার কীটগুলো কি তোমাকে কষ্ট দিচ্ছে? আমি বললামঃ হ্যাঁ। তিনি বললেনঃ তোমার মাথা মুন্ডন করে ফেল। আর (ফিদইয়া হিসাবে) একটি কুরবানী দাও বা তিন দিন রোযা রাখ বা ছয় জন মিসকীনকে আহার করাও।

রাবী আবূ আইয়্যুব বলেন, কোন বিষয়টি প্রথমে বলেছেন তা আমি জানি না। হাদিসটি হাসান-সহীহ।

সহীহ, তিরমিজী হাদিস নম্বরঃ ২৯৭৪ [আল মাদানী প্রকাশনী]

English

Narrated 'Abdur-Rahman bin Abi Laila:

from Ka'b bin 'Ujrah who said: "The Messenger of Allah (ﷺ) came to me while I was lighting a fire under a pot, and lice were falling on my face, or on



my eye-brows. He said: 'Are your lice bothering you?'" [He said:] "I said: 'Yes.' He said: 'Then shave your head and offer a sacrifice, or fast three days, or feed six needy people.'" Ayyub said: "I do not know which of them he started with."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ কা'ব ইবনু 'উজরাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন